

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি  
পুরাতন বিমান বন্দর সড়ক  
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।

নং-৩৫.০৩.০০০০.০০১.১১.০০১.১৭-১৩৯৯

তারিখ : ০৯.০৪.২০১৮খ্রি:।

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের গত ১০.১০.২০১৭খ্রি: তারিখের ৮০.১০১.০৩৬.০০. ০০.২২.২০১৬-৩৪৮নং স্মারকের সুপারিশ এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বিআরটিএ সংস্থাপন অধিশাখার গত ২৪.১০.২০১৭খ্রি: তারিখের ৩৫.০০.০০০০.০২০.১৯.০৪৭.১৪-৪৬৬নং স্মারক ও গত ০৫.০৪.২০১৮খ্রি: তারিখের ৩৫.০০.০০০০. ০২০.১৯.০৪৭.১৭.১৫২নং স্মারকের পরিশ্রেক্ষিতে এ অথরিটির ৯ম খেডের 'সহকারী পরিচালক(সাধারণ)' পদে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর বেতনক্রম ২২০০০-৫৩০৬০ টাকায় ও তৎসহ সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য ভাতাদিসহ সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ করতঃ তাদের নামের পার্শ্বে উল্লেখিত কর্মস্থলে পদায়ন করা হ'ল :

ক্রম	নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল
১.	সুমাইয়া সুলতানা এ্যানি মোঃ মোহাম্মদ হোসেন শাহানাজ পারভীন	গ্রাম: দরিবিলা, ডাকঘর: শ্রীকোল, উপজেলা: শ্রীপুর, জেলা: মাগুরা	কবি সুফিয়া কামাল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, জিপিও-১০০০, রমনা, ঢাকা	বিআরটিএ, সদর কার্যালয় (এনফোর্সমেন্ট শাখা), ঢাকা।
২.	নবাব ফাহমে আজিজ খান মোঃ নূর নবী খান, আমেনা বেগম	প্র/ওয়াজি উল্লাহ খান, গ্রাম: মুছাপুর, ডাকঘর: চৌধুরী বাজার, উপজেলা: কোম্পানীগঞ্জ, জেলা:নোয়াখালী	প্র/ওয়াজি উল্লাহ খান, গ্রাম: মুছাপুর, ডাকঘর: চৌধুরী বাজার, উপজেলা: কোম্পানীগঞ্জ, জেলা:নোয়াখালী	বিআরটিএ, সদর কার্যালয় (সাধারণ সেবা শাখা), ঢাকা।

## শর্তাবলী :-

- প্রচলিত বা প্রবর্তিত সরকারি আইন ও বিধি, নিয়োগ বিধি, আদেশ, নির্দেশ দ্বারা তাদের চাকরি নিয়ন্ত্রিত হবে এবং তারা সরকারের যাবতীয় বিধি-বিধান মেনে চলতে বাধ্য থাকবেন।
  - তাদেরকে বাংলাদেশের যে কোন স্থানে বদলি করা হলে তারা তথায় যোগদানে বাধ্য থাকবেন।
  - চাকরিতে নিয়োগের তারিখ হতে ২(দুই) বৎসর কাল তারা শিক্ষানবিস হিসেবে কাজ করবেন। প্রয়োজনবোধে শিক্ষানবিসকাল বর্ধিত করা যাবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপ্তির পর তাদেরকে চাকরিতে স্থায়ী করা হবে। তবে, শিক্ষানবিসকালে আচরণ ও কাজকর্ম সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে ১৪(চৌদ্দ) দিনের নোটিশ প্রদানপূর্বক তাদেরকে/তাকে চাকরিচ্যুত করা যাবে। এজন্য তাকে/তাদেরকে ১৪(চৌদ্দ) দিনের নোটিশ প্রদানকালীন পুরো সময়ের জন্য অথবা তার খন্ডকালের জন্য বেতন প্রদান করা হবে।
  - নিয়োগের পর তার/তাদের যে কোন যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোন ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোন গুরুতর (substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে তার/তাদের নিয়োগ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া, ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট ব্যক্তিকে ফৌজদারী আইনে সোপর্দ করা যাবে।
  - সংশ্লিষ্ট পদে নিয়োগে সকল সরকারি বিধি-বিধান তাদের জন্য প্রযোজ্য হবে।
- উপর্যুক্ত শর্তাবলীর ভিত্তিতে সহকারী পরিচালক(সাধারণ) পদে নিয়োগ যদি তার/তাদের নিকট গ্রহণযোগ্য হয় তবে, আগামী ৩০.০৪.২০১৮খ্রি: তারিখের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে কাজে যোগদান করবেন।
  - এ যোগদানের জন্য তাকে কোন টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

স্বাক্ষরিত ০৯/০৪/১৮  
(মোঃ মশিয়ার রহমান)  
চেয়ারম্যান

নং-৩৫.০৩.০০০০.০০১.১১.০০১.১৭-১৩৯৯(২০)

তারিখ : ০৯.০৪.২০১৮খ্রি:।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল :

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
- ৪। পরিচালক(প্রশাসন/এনফোর্সমেন্ট/ইঞ্জিঃ/অপারেশন/রোড সেফটি/প্রশিক্ষণ)/সচিব, বিআরটিএ, সদর কার্যালয়, এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।
- ৫। উপপরিচালক, ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা  
(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের অনুরোধসহকারে)।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। উপপরিচালক(অর্থ), বিআরটিএ, সদর কার্যালয়, এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।
- ৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা।
- ৯। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি বিআরটিএ'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহকারে)।
- ১০। জনাব .....
- ১১। ব্যক্তিগত নথি (সংশ্লিষ্ট)/মাস্টার ফাইল।



শাহ আবদুল তারিক  
উপপরিচালক(প্রশাসন)  
ফোন : ৯১১৪০৮৮